দৈনিক সংবাদ সংক্ষেপ

মঙ্গলবার ৮ই আগস্ট ২০১৭ ইং

পোশাকশিল্পে বাংলাদেশকে টপকাতে চায় ভারত

পোশাকশিল্প খাতে ৪৫০ বিলিয়ন ডলারের বিশাল মার্কেট ধরতে আটঘাট বেঁধেই নামছে ভারত। এ জন্য সরকারি পর্যায়ে যেমন ৬ হাজার কোটি রুপির প্রণোদনা প্যাকেজ নেওয়া হয়েছে তেমনি উদ্যোক্তাদেরও লক্ষ্য ঠিক করে দিচ্ছে ভারত সরকার। ২০১৮ সালে ২০ বিলিয়ন ডলারের রপ্তানি লক্ষ্যমাত্রাকে ২০২৫ সালেই ১০০ বিলিয়ন ডলারে উন্নীত করতে চায় তারা। আর এমনটি হলে বর্তমানে তৈরি পোশাক রপ্তানিতে দ্বিতীয় স্থানে থাকা বাংলাদেশের জন্য আগামী কয়েক বছরেই সবচেয়ে বড় প্রতিদ্বন্দ্বী হিসেবে আবির্ভূত হবে আশঙ্কা করছেন এই খাতসংশ্লিষ্টরা।http://www.kalerkantho.com

পুঁজিবাজারে ব্যাংক খাতের দাপট

দ্বিতীয় প্রান্তিক বা অর্ধবার্ষিকের অনিরীক্ষিত হিসাব ঘোষণায় পুঁজিবাজারে ব্যাংক খাতের দাপট অব্যাহত রয়েছে। দেশের স্থিতিশীল অবস্থায় বিনিয়োগ বৃদ্ধিতে ঋণের প্রবাহ বাড়ায় দুয়েকটি ব্যাংক ব্যতীত সব ব্যাংকই ভালো মুনাফা করেছে। আর দ্বিতীয় প্রান্তিকে ইপিএস ভালো হওয়ায় ব্যাংকের শেয়ারে হামলে পড়েছে বিনিয়োগকারী। সূত্র জানায়, এপ্রিল-জুন প্রান্তিকে ব্যাংকের মুনাফা ভালো হওয়ায় বিনিয়োগকারীর মাঝে আগ্রহের সৃষ্টি হয়েছে৷ টানা ১১ দিন ব্যাংক খাতের আধিপত্য চলছে পুঁজিবাজারে৷ দিনদিন বাড়ছে পুঁজিবাজার আর ব্যাংক খাতেও বিনিয়োগ। http://www.kalerkantho.com

উৎসে কর ০.৭০% করে প্রজ্ঞাপন জারি

পাটজাত পণ্য বাদে সব পণ্য রপ্তানির ওপর উৎসে কর দশমিক ৭ শতাংশ নির্ধারণ করে প্রজ্ঞাপন জারি করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। এর ফলে তৈরি পোশাক রপ্তানির ওপরও দশমিক ৭ শতাংশ হারে উৎসে কর আরোপ করা হলো। চলতি অর্থবছরের প্রস্তাবিত বাজেটে তৈরি পোশাক রপ্তানির ওপর ১ শতাংশ হারে উৎসে কর আরোপের প্রস্তাব করেছিলেন অর্থমন্ত্রী৷ রপ্তানিকারকদের প্রবল আপত্তি সত্ত্বেও ২৯ জুন পাস হওয়া বাজেটে এ হার কমানো হয়নি। http://www.kalerkantho.com

ভারতে ৩ নৌ-টার্মিনাল পরিচালনার দায়িত্বে সামিট অ্যালায়েন্স পোর্ট

ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যে একটি এবং বিহারে দুটি নৌবন্দরের টার্মিনাল উন্নয়ন, পরিচালন ও ব্যবস্থাপনার দায়িত্ব পেয়েছে সামিট অ্যালায়েন্স পোর্ট লিমিটেডের নেতৃত্বাধীন কনসোর্টিয়াম৷ ৩০ বছরের জন্য টার্মিনাল তিনটিতে অভ্যন্তরীণ নৌ-পরিবহন হ্যান্ডল করতে দুই দেশের কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ভারতে বিশেষায়িত কোম্পানি গঠন করতে হবে তাদের৷ কনসোর্টিয়ামের প্রধান অংশীদার হিসেবে সেখানে সামিট অ্যালায়েন্স পোর্টকে ২৪ কোটি টাকার বেশি বিনিয়োগ করতে হবে।গতকাল সেবা খাতের তালিকাভুক্ত কোম্পানিটি জানায়, ব্যবসা সম্প্রসারণের ক্রমবর্ধমান প্রচেষ্টার অংশ হিসেবে ২০১৬ সালের নভেম্বরে কলকাতার গার্ডেন রিচ এবং পাটনার গাইঘাট ও কালুঘাট টার্মিনালে অভ্যন্তরীণ নৌযান চলাচল উন্নয়ন, পরিচালন ও ব্যবস্থাপনার দায়িত্ব পেতে দরপত্রে অংশ নেয় তাদের নেতৃত্বাধীন কনসোর্টিয়াম৷ কারিগরি সক্ষমতা ও আর্থিক প্রস্তাব বিবেচনা করে সম্প্রতি এ কনসোর্টিয়ামকে প্রকল্পের দায়িত্ব দেয় ভারতীয় কর্তৃপক্ষ।http://bonikbarta.net

পরিকল্পনা দীর্ঘমেয়াদি না হলে বাজার মনোপলি থেকে যাবে

নব্বইয়ের দশকের শুরুতে প্রদর্শনী আয়োজনের ব্যবসা প্রাতিষ্ঠানিক রূপ নেয়। বর্তমানে বাংলাদেশে এ ব্যবসার বাজার বছরে ৩ কোটি ডলার বা প্রায় ২৫০ কোটি টাকার। এ ব্যবসায় বাজার অংশীদারিত্বের ৯০ শতাংশই কনফারেন্স অ্যান্ড এক্সিবিশন ম্যানেজমেন্ট সার্ভিসেস লিমিটেডের (সেমস) দখলে। বাংলাদেশে প্রদর্শনী আয়োজন ব্যবসার বিকাশ, সম্ভাবনা ও প্রতিবন্ধকসহ নানা বিষয় নিয়ে সম্প্রতি বণিক বার্তার সঙ্গে কথা বলেন সেমসের প্রতিষ্ঠাতা ও গ্রুপ ব্যবস্থাপনা পরিচালক **মেহরুন এন ইসলাম**। সাক্ষাত্কার নিয়েছেন বদরুল আলম http://bonikbarta.net

প্রশাসনিক অস্বচ্ছতা আর অদক্ষতায় হতাশ বিনিয়োগকারীরা

‘আমলাতান্ত্রিক অদক্ষতায় নিরুত্সাহিত হচ্ছে বিনিয়োগ। প্রকল্প বাস্তবায়নে একই ধরনের প্রশাসনিক কার্যক্রমের পুনরাবৃত্তি ও স্বচ্ছতার ঘাটতি হতাশ করে তুলছে আগ্রহী বিনিয়োগকারীদের। সরকারি বিভিন্ন দপ্তরের ঊর্ধ্বতন ও মধ্যম পর্যায়ের কর্মকর্তাদের বারবার বদলির কারণে প্রকল্পগুলোর বাস্তবায়নও হচ্ছে না সময়মতো।’ বাংলাদেশের সঙ্গে বাণিজ্যিক কর্মকাণ্ডের প্রতিবন্ধকতা প্রসঙ্গে সাম্প্রতিক এক প্রতিবেদনে এমন মন্তব্য করেছে ইউনাইটেড স্টেটস ট্রেডস রিপ্রেজেন্টেটিভ (ইউএসটিআর)।অনেকটা একই ধরনের কথা উঠে এসেছিল মার্কিন বাণিজ্য প্রতিনিধিদের বক্তব্যেও। http://bonikbarta.net

বৈশ্বিক প্রবৃদ্ধি কেন্দ্র হিসেবে দক্ষিণ-পূর্ব এশিয়ার উত্থান

অর্থনীতি, রাজনীতি, শিক্ষা ও সংস্কৃতি খাতে মেলবন্ধনের লক্ষ্য নিয়ে অ্যাসোসিয়েশন অব সাউথইস্ট এশিয়ান নেশনসের (আসিয়ান) যাত্রা হয় ১৯৬৭ সালে। ৫০ বছর পার করা আসিয়ান দক্ষিণ-পূর্ব এশিয়ার অর্থনীতিতে বিস্তর পরিবর্তন ঘটিয়েছে। শুধু তাই নয়, আসিয়ান জোট এখন বিশ্বের সপ্তম বৃহত্তম বাজার ও তৃতীয় বৃহত্তম শ্রমশক্তি। বিদ্যমান কিছু চ্যালেঞ্জ সত্ত্বেও ২০৩০ সালের মধ্যে বিশ্বের চতুর্থ-বৃহত্তম অর্থনৈতিক জোট হওয়ার লক্ষ্যে কাজ করছে সংস্থাটি। খবর ব্লুমবার্গ ও স্ট্রেইটস টাইমস।ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, ফিলিপাইন, সিঙ্গাপুর ও থাইল্যান্ডকে নিয়ে ১৯৬৭ সালের ৮ আগস্ট আসিয়ান প্রতিষ্ঠা করা হয়। পরবর্তী সময়ে এখানে ব্রুনেই, কম্বোডিয়া, লাওস, মিয়ানমার ও ভিয়েতনাম যোগ দিয়েছে। আসিয়ানের এই ১০ সদস্য দেশের অনেকেই এখন বিশ্বের দ্রুতবর্ধনশীল অর্থনীতি হিসেবে রূপান্তরিত হয়েছে। http://bonikbarta.net

তেল নয়, অর্থনীতি উত্তরণে উন্নয়ন প্রকল্প হাতে নিচ্ছে সৌদি আরব

অর্ধশতাব্দীরও বেশি সময় ধরে অর্থনীতির গতিসঞ্চারে কেবল তেলের ওপর নির্ভরশীল ছিল সৌদি আরব। তবে এবার হয়তো সেই যুগের অবসান ঘটেছে। তেলনির্ভরতা থেকে সরে এসে অন্যান্য প্রাকৃতিক সম্পদের দিকে ঝুঁকছে দেশটি। মরুভূমির বুকে জাগিয়ে তুলেছে নতুন নতুন শহর, নতুন কর্মসংস্থান সৃষ্টি ও বিনিয়োগ বাড়ানোই যার মূল লক্ষ্য। বিশ্বের বৃহত্তম তেল রফতানিকারক দেশটি গত মাসে দুটি গুরুত্বপূর্ণ উন্নয়ন পরিকল্পনার ঘোষণা দিয়েছে। এর মধ্যে একটি প্রকল্পের আকার ছাড়িয়ে গেছে উত্তর-পশ্চিম ইউরোপের দেশ বেলজিয়ামকেও। আর অন্য প্রকল্পটিতে যুক্ত করা হয়েছে একটি বিমানবন্দর ও সমুদ্রবন্দর। এছাড়া ধারাবাহিকভাবে অর্থনৈতিক নগর নির্মাণের পরিকল্পনাও নিয়েছে দেশটি। http://bonikbarta.net

দেশের বৃহত্তম পাইকারি বাজার চট্টগ্রামের খাতুনগঞ্জে আমদানি করা অধিকাংশ পেঁয়াজই আসে ভারত থেকে। সাম্প্রতিক সময়ে দেশটিতে বৈরী আবহাওয়ার কারণে পণ্যটির আমদানি কমেছে। এর জের ধরে বেড়েছে দাম। এর প্রভাব পড়েছে খাতুনগঞ্জের বাজারে। বর্তমানে এখানে মানভেদে প্রতি কেজি পেঁয়াজ বিক্রি হচ্ছে ৩০-৩৫ টাকায়। এক সপ্তাহের ব্যবধানে পণ্যটির প্রতি কেজিতে দাম বেড়েছে ৭-১০ টাকা। আসন্ন কোরবানির ঈদ সামনে রেখে দেশের বাজারে খুচরা পর্যায়ে পেঁয়াজের চাহিদা বাড়ছে। এ সময় একদিকে ভারতের পেঁয়াজ উত্পাদনকারী অঞ্চলগুলোয় অতিবৃষ্টি ও বন্যার কারণে সরবরাহ সংকট ও আমদানি হ্রাস; অন্যদিকে চট্টগ্রামে সৃষ্ট জলাবদ্ধতায় পাইকারি বাজারে ক্রেতা সংকটের কারণে পণ্যটির দাম ঊর্ধ্বমুখী রয়েছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।http://bonikbarta.net